

সংবাদ বিজ্ঞপ্তি

**নোবিপ্রবিতে স্কুল ইন্টার্নশিপ ওয়ার্কশপ অনুষ্ঠিত**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষার্থীদের অংশগ্রহণে 'স্কুল ইন্টার্নশিপ ওয়ার্কশপ' অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (২৯ জানুয়ারি ২০২৫) সকাল ১১টায় ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সেমিনার কক্ষে আয়োজিত কর্মশালায় প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

নোবিপ্রবি শিক্ষা বিভাগের আয়োজনে কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, আমরা নতুন প্রজন্মকে এমনভাবে তৈরি করতে চাই যেন দেশের প্রতি তাদের দায়বদ্ধতা সৃষ্টি হয় এবং রাষ্ট্রের প্রতি দায়িত্ব ও কর্তব্যগুলো ফুটে ওঠে। আমাদের শিক্ষার্থীরা থিউরিটিক্যালি যা পড়েছেন তা হাতে কলমে বাস্তবায়নের আদর্শ স্থান হলো স্কুল এবং কলেজগুলো। হাতে-কলমে যদি আমরা না শিখি তবে আমাদের জ্ঞানকে সঠিকভাবে প্রয়োগ করতে পারবো না। শিক্ষার্থীরা তাদের জীবনের চ্যালেঞ্জগুলোকে যেন সহজেই অতিক্রম করতে পারে, এখন থেকেই তাদের সেভাবে গড়ে তুলতে হবে।

অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে উপাচার্য বলেন, আমি আপনাদের কাছে আশা করবো মানসম্মত শিক্ষা যেন আমাদের শিক্ষার্থীরা পায় এবং তা যেন তারা দেশ-বিদেশে কাজে লাগাতে পারে। আজকের এ ওয়ার্কশপ আপনাদের কর্মক্ষেত্রে কাজে লাগবে বলে আমি মনে করি। সবাইকে ধন্যবাদ।

শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর সরকারের সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মুহাম্মদ হানিফ মুরাদ। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন শিক্ষা বিভাগের সহকারী অধ্যাপক ও কোর্স কো-অর্ডিনেটর জনাব মোঃ ওয়ালিউর রহমান আকন্দ। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন জেলা শিক্ষা অফিসার, নোয়াখালী জনাব নূর উদ্দিন মোঃ জাহাঙ্গীর, মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব শামীমা আক্তারসহ নোয়াখালীর বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকবৃন্দ।

উল্লেখ্য, উক্ত কর্মশালায় নোবিপ্রবি শিক্ষা বিভাগের ১৬তম ব্যাচের শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করেন।

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর